



আম গাছ, কাঁঠাল গাছ, নারিকেল গাছ, কাঠ বাদাম গাছ সহ অন্যান্য গাছ নিলামে বিক্রয় বিজ্ঞপ্তি

করপোরেশনের বিভিন্ন ধরনের গাছ (কাঁঠাল, কদম, আম, কাঠ বাদাম, চালতা, সাজনা, আমড়া, তাল, সুপারি, নারিকেল, পেয়ারা, বেল, কামরাঙ্গাসহ অন্যান্য গাছ) লট আকারে নিলামে যেখানে যে অবস্থায় আছে বিক্রির লক্ষ্যে আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তির নিকট হতে তাদের প্রতিষ্ঠানের প্যাডে/ব্যক্তি পর্যায়ে সাদা কাগজে মুখবন্ধ খামে নিম্নোক্ত শর্তাধীনে উদ্ধৃত দর আহ্বান করা যাচ্ছেঃ

১. আগ্রহী ক্রেতাগণকে বর্ণিত মালামাল নির্ধারিত কমিটির উপস্থিতিতে আগামী ২৮/১০/২০২০ তারিখ বুধবার বেলা ১১:০০ ঘটিকায় দেখানো হবে।
২. আগ্রহী ক্রেতাগণকে একই দিনে অর্থাৎ আগামী ২৮/১০/২০২০ তারিখ বেলা ১২:০০ ঘটিকার মধ্যে করপোরেশনের ৩নং গেটে কমিটির নিকট ১০,০০০.০০ (দশ হাজার) টাকা জামানতসহ নাম, ঠিকানা ও স্বাক্ষর সম্বলিত স্পট কোটেশন দাখিল করতে হবে, যা দরদাতাদের উপস্থিতিতে (কেহ উপস্থিত থাকলে) বেলা ১২:০৫ মিনিটে খোলা হবে।
৩. ১ম ও ২য় সর্বোচ্চ দরদাতা বাদে অবশিষ্ট সকলের জামানত ঐ দিনই ফেরত প্রদান করা হবে।
৪. উদ্ধৃত দরের উপর বিধি মোতাবেক ৫% বিক্রয়কর এবং ৭.৫% ভ্যাট প্রযোজ্য হবে।
৫. দর প্রস্তাব খোলার পর সর্বোচ্চ দরদাতাকে উদ্ধৃত দরের ৫০% মূল্য ঐ দিনই পরিশোধ করতে হবে এবং কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে পরবর্তী কার্যদিবসে বাকী মূল্য পরিশোধকরতঃ ১৫(পনের) কর্মদিবসের মধ্যে সরবরাহ গ্রহণ করতে হবে। মালামাল সরবরাহ গ্রহণ সম্পন্ন হলে জামানতের অর্থ ফেরৎ দেয়া হবে।
৬. সর্বোচ্চ দরদাতা শর্তমত সমুদয় মূল্য পরিশোধে ব্যর্থ হলে জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।
৭. ১ম সর্বোচ্চ দরদাতা নির্ধারিত সময়ে সমুদয় মূল্য পরিশোধে ব্যর্থ হলে ২য় সর্বোচ্চ দরদাতাকে প্রস্তাব করা হবে এবং নির্ধারিত সময়ে সমুদয় মূল্য পরিশোধে ব্যর্থ হলে সমুদয় জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে।
৮. এ বিষয়ে যে কোন সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা করপোরেশন কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(শেখ গোলাম মোস্তাদী)

ব্যবস্থাপক (স্থানীয় ক্রয়-বিক্রয়)

ফোন: ০১৮৭৫-০২৫২৭৩